



বাংলাদেশ-যুক্তরাষ্ট্র শুল্ক ইস্যুতে তৃতীয় দফার আলোচনা শুরু ওয়াশিংটনে



সংগৃহীত ছবি

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে শুল্ক ইস্যু নিয়ে তৃতীয় দফার আনুষ্ঠানিক আলোচনা ওয়াশিংটনে শুরু হয়েছে। মঙ্গলবার (২৯ জুলাই) স্থানীয় সময় দুপুর ২টায় এ বৈঠক শুরু হয় এবং চলবে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত।

বৈঠকে অংশ নিতে বাংলাদেশ প্রতিনিধি দল একই দিন সকালে ওয়াশিংটনে পৌঁছায়। প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন। তার সঙ্গে রয়েছেন প্রধান উপদেষ্টার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ও রোহিঙ্গা ইস্যুবিষয়ক হাই রিপ্রেজেন্টেটিভ ড. খলিলুর রহমান, বাণিজ্য সচিব মাহবুবুর রহমান এবং বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. নাজনীন কাওসার চৌধুরী।

এদিকে যুক্তরাষ্ট্রের পক্ষে আলোচনায় নেতৃত্ব দিচ্ছেন দেশটির সহকারী ট্রেড রিপ্রেজেন্টেটিভ ব্রেন্ডন লিঞ্চ। তার সঙ্গে অংশ নিচ্ছেন বাণিজ্য ও শুল্ক নীতিনির্ধারণী বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তারা।

উল্লেখ্য, দুই দেশের মধ্যে বাণিজ্য সম্পর্ক জোরদার এবং শুল্ক নীতির বিভিন্ন বিষয় নিয়ে ধারাবাহিক আলোচনার অংশ হিসেবেই এ বৈঠক অনুষ্ঠিত হচ্ছে।